## SUBJECT: HUMAN DEVELOPMENT (HONOURS)

## SEMESTER: 4th

## COURSE CODE: <u>HMDACOR09T</u>

### ASSIGNED TOPIC:

### <u>TOPIC- 1.</u>

Child Welfare- Definition, Objectives and Philosophies, Constitutional Provisions for Protection and Welfare of Children

### ASSIGNED TO:

**DR. MAYURAKSHEE GANGOPADHYAY**
Assistant Professor
Department of Human Development
Dum Dum Motijheel College

MG

## TOPIC-1

**Q 1)** শিশু-কল্যাণ / শিশু উন্নয়ন বলতে কি বোঝো? শিশু-কল্যাণের উদ্দেশ্যগুলি আলোচনা কর।

(Define child welfare. Write the objectives of child welfare).

→ ■ সমাজকর্মের বিকাশের পরিবর্তনের সাথে সাথে শিশু উন্নয়ন বা শিশু কল্যাণ বিষয়ক ব্যবস্থাপনার অনেক পরিবর্তন হয়েছে। অসহায় ও পথশিশুদের উন্নয়নের ব্যবস্থা করাই এই শিশু উন্নয়নমূলক ব্যবস্থাপনার অন্যতম উদ্দেশ্য। তবে বর্তমানে মনে করা হয় যে, কেবলমাত্র অসহায় ও পথশিশুরাই নয়, বরং সকল শিশুরই উন্নয়নমূলক ব্যবস্থাপনার অন্তর্গত হওয়া প্রয়োজন। তাই শিশু-কল্যাণ বিষয়টি বর্তমানে বৃহৎ অর্থে প্রয়োগ করা হয়। সকল শিশুর শারীরিক, বৌদ্ধিক, প্রাক্ষোভিক বিকাশে সহায়তাকারী শিশু উন্নয়নমূলক ব্যবস্থাগুলি সামাজিক, অর্থনৈতিক ও স্বাস্থ্য পরিষেবা দ্বারা সকল শিশুর জন্য প্রয়োগ করা হচ্ছে।

সহজ ভাবে বললে, শিশুদের উন্নয়ন ও বিকাশের জন্য গৃহীত সবরকমের কল্যাণমূলক প্রচেষ্টার সমষ্টি হলো শিশু কল্যাণ, W.A. Friedlander (ডব্লিউ. এ. ফ্রেডল্যান্ডার)

(আর. জেড. আপ্তে)
③ R.Z. Apte (1974) বলেছেন, "সমস্যাগ্রস্ত শিশুদের যন্ত্রসহ সকল সামগ্রিক মঙ্গল নিশ্চিতকরণের জন্য সরকারি-বেসরকারী সকল সেবামূলক ও পরিষেবার শিশুকল্যাণ হিসেবে চিহ্নিত করা যাবে।" Hezel Friedericken-র মতে, "শিশু কল্যাণ বলতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের গৃহীত সেইসব সামাজিক, অর্থনৈতিক, ও দৈহিক কার্যক্রমের সমষ্টিকে বোঝায় যা সকল শিশুর দৈহিক, বুদ্ধিবৃত্তিক, মানসিক, আবেগীয় উন্নতি ও সার্বিক কল্যাণ সাধন করে।"

## শিশু কল্যাণের উদ্দেশ্য / গুরুত্ব : (Objectives/importance)

Milton (মিলটন) বলেছেন, "Child shows the man, as morning shows the day." সামাজিক উন্নয়নমূলক সবকিছুর সাথে যুক্ত একটি সমীক্ষা থেকে জানা যায়, শিশু তার প্রারম্ভিক বছরগুলিতে যে শিক্ষা লাভ করে ও তার যে শারীরিক, মানসিক বিকাশ ঘটে তা-ই তার ভবিষ্যৎকে সুরক্ষিত করে, তাই শিশু উন্নয়নমূলক কর্মসূচী ও পরিষেবাগুলি প্রয়োগ করা একান্তই কাম্য।

শিশু কল্যাণের উদ্দেশ্য ও গুরুত্বগুলি নিম্নরূপ :

- সুস্থ সবল শিশুর জন্মদান, সঠিক লালন-পালন ও বিকাশ সাধন।
- শিশুদের শারীরিক, মানসিক, সামাজিক, বৌদ্ধিক, প্রাক্ষোভিক বিকাশ সাধনের জন্য উপযুক্ত সুযোগ-সুবিধা সৃষ্টি করা

- মা ও শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্যের বিকাশ সাধন করা, কারণ শিশুকল্যাণ কথাটা কেবলমাত্র শিশুর মা, তার পরিবারের জন্যও গুরুত্বপূর্ণ কারণ শিশু সেই পরিবারের সদস্য হিসাবেই নিজ কর্তব্য পালন করে।
- অর্থনৈতিক চাহিদা সহ মৌলিক চাহিদা পূরণের নিশ্চয়তা বিধান করা।
- শিশুদের প্রতিভার বিকাশে সহায়ক পরিবেশ প্রদান করা, এর ফলে শিশুরা দায়িত্বশীল, সৃজনশীল, আত্মনির্ভর সুনাগরিক হিসাবে তৈরি হতে পারবে।
- শিশুদের সুশিক্ষায় শিক্ষিত করা যাতে তারা কর্মক্ষম হতে পারে।
- শিশুদের চরিত্র গঠনে সহায়ক পরিবেশ প্রদান করা, শিশুদের সকল প্রকার নির্যাতনের হাত থেকে রক্ষা করা।
- দৈহিক, মানসিক, সামাজিক ও আর্থিকক্ষেত্রে বিপর্যস্ত বা প্রতিবন্ধকতার শিকার শিশুদের রক্ষণাবেক্ষণের বন্দোবস্ত করে তাদের স্বাবলম্বী করে তোলা।
- সকল প্রতিকূল অবস্থা থেকে শিশুদের সামগ্রিক নিরাপত্তা প্রদান করা। শিশুদের সার্বিক কল্যাণ মানেই সমাজের কল্যাণ।

M.4.

HMDACOR09T

TOPIC - I



প্রশ্ন: ২। শিশু কল্যাণ বা শিশু উন্নয়ন বলতে কি বোঝো? শিশু কল্যাণ ও সুরক্ষা বিষয়ক সাংবিধানিক ব্যবস্থাগুলি আলোচনা কর।
(Define child welfare. Discuss the Constitutional Provisions for child welfare and Protection).

→ + সংজ্ঞা (প্রশ্ন-১ থেকে)

- শিশুরা যে কোনো দেশের ভবিষ্যৎ, তারা দেশের সমৃদ্ধি ও উন্নতির কারিগর। কিন্তু সমাজের সব থেকে অবহেলিত ও অতিপ্রবণ শিশুরাই, বিশেষ করে ভারতের মতো দারিদ্র পীড়িত দেশে শিশুদের অবস্থা অত্যন্ত চিন্তনীয়, তাই শিশুদের কল্যাণ কামনায় ও সুরক্ষা প্রদান করার জন্য ভারতের সংবিধান এবং নীতি ও আইনের কথা বলা হয়েছে।

- সাংবিধানিক ব্যবস্থা:

সংবিধানের প্রস্তাবনা প্রতিশ্রুতিতে বলা হয়েছে শিশুসহ সকল নাগরিকদের ন্যায়, স্বাধীনতা, সাম্য ও সমর্থিতা স্বীকৃত ও সুরক্ষিত হবে।

i) Article -14 : আইনের চোখে সাম্য ও আইন দ্বারা সম সুরক্ষার অধিকার সুনিশ্চিত করা হয়েছে। এটি শিশু সহ সকল নাগরিকদের প্রাপ্য।

ii) Article 15 (3) : শিশুদের জন্যে বিশেষ আইনী রক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার জন্য সকল রাজ্যকে স্বাধীন পরিকাঠামো দেওয়া, সাংবিধানিকভাবে শিশুর কল্যাণ যাতে অটুট থাকে তার জন্য এই ব্যবস্থা।

iii) Article-21 : প্রত্যেক নাগরিক (শিশুসহ) জীবনের সুরক্ষার অধিকার ও আইন অনুযায়ী ব্যক্তিগত স্বাধীনতার অধিকার।

iv) Article-23 : শিশুশ্রমের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা ও এই আইন দ্বারা শাস্তির ব্যবস্থা।

v) Article-24 : ১৪ বছর বয়সের নীচে কোনো শিশুর কোনো বিপদজনক স্থানে নিয়োগে নিষেধাজ্ঞা, যেমন খনিতে কাজ বা দেশলাই কারখানায় কাজ ইত্যাদি।

vi) Article-51A : শিশুর অভিভাবক বা প্রতিপালক শিশুকে শিক্ষামূলক সব সুযোগ-সুবিধা প্রদান করবে এবং অবস্থা অনুযায়ী ৬-১৪ বছর পর্যন্ত শিশুদের কুশলাবেক্ষণের দায়িত্ব নেবে। এটি Article 51A-র Clause (j) এবং (k) তে উল্লেখ করা আছে।

এছাড়াও রাষ্ট্রীয় সংবিধানের নির্দেশমূলক নীতিতে শিশুদের সুরক্ষার জন্য বেশ কয়েকটি Article কে নির্দেশ করা হয়েছে।—

vii) Article-39(e) : শিশুদের উপর কোনো প্রকার অত্যাচারকে নিষেধ করা হয়েছে ও বয়সের অনুপযোগী

কোনো ক্ষেত্রে বল পূর্বক অন্তর্ভুক্তি নিষিদ্ধ করা হয়েছে।

(viii) Article 39(f): শিশুরা স্বাস্থ্যকর পরিবেশের সব সুযোগ-সুবিধা পাবে ও স্বাধীনতা, সম্মানজনক পরিবেশ পাবে এবং তাদের শৈশব কোনোভাবেই কোনো প্রকার নৈতিক ও পার্থিব শোষণে অতিক্রান্ত হবে না।

(ix) Article 45: 6 বছর বয়স হওয়ার আগে পর্যন্ত শিশুদের জন্য প্রাক-শৈশবকালীন যত্ন ও শিক্ষার ব্যবস্থা প্রত্যেক রাজ্য করবে।

(x) Article 21A: 6-14 বছর বয়সী সকল শিশুর জন্য অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার সুনিশ্চিত হবে।

(xi) Article 47: পুষ্টি, সুস্বাস্থ্য ও জীবনযাত্রার মান ও উন্নয়নমূলক জনস্বাস্থ্য পরিষেবা।

শিশুদের অধিকারগুলি সুরক্ষিত করার জন্য কতকগুলি আইনও প্রণয়ন করা হয়েছে —

i) The Factories Act, 1948
ii) The Probation of Offenders Act, 1959
iii) The Child Labour Act, 1986.
iv) The Child Marriage Restraint Act, 1986.

v) The Juvenile Justice Act, 2000

vi) The Pre-Conception and Pre-Natal Diagnostic Techniques (Prohibition of Sex Selection) Act, 2002. ইত্যাদি।

এছাড়াও National Policy for Children (NPC) (শিশুদের জন্য জাতীয় নীতি), National Institute of Public Co-operation and Child Development (NIPCCD - জনসহযোগিতা এবং শিশু উন্নয়নমূলক জাতীয় সংস্থা বা প্রতিষ্ঠান), The Integrated Child Development Services (ICDS - সুসংহত শিশু-বিকাশ প্রকল্প) ইত্যাদি সরকারী নীতি ও প্রকল্প শিশুদের জন্য প্রণয়ন করা হয়েছে। শিশুদের অধিকার সুরক্ষিত করার জন্য NHRC (জাতীয় মানবাধিকার কমিশন - National Human Rights Commission) ও UNICEF (United Nations Children's Fund) ভূতপূর্বভাবে কাজ করে চলেছে।

মূল্যায়ন:

যদিও এতো সাংবিধানিক রক্ষাকবচ ও আইন শিশুদের সুরক্ষার জন্য প্রণয়ন করা হয়েছে তথাপি শিশুদের প্রতি অন্যায় ও অত্যাচারের পরিমাণ যথেষ্ট বেশিই পরিলক্ষিত হচ্ছে, যা থেকে বোঝা যায় আইনগুলি যথাযথভাবে প্রয়োগ হচ্ছে না। আরও দৃঢ় ও সংগঠিত আইনী পদক্ষেপ শিশুদের সুরক্ষার জন্য গ্রহণ করতে হবে।

---

Phylosophy (দর্শন) / History of C.W.S.:

শিশু উন্নয়নমূলক ব্যবস্থাপনার বিষয়টিকে দুটি ভাগে ভাগ করা যায়:—

(A) স্বাধীনতার পূর্বের অবস্থা।

(B) স্বাধীনতার পরবর্তী অবস্থা।

(A) স্বাধীনতার পূর্বের অবস্থা:—

ব্রিটিশ শাসনকালে ভারতবর্ষের গ্রামগুলির অবস্থা খুবই খারাপ ছিল। অতিরিক্ত হারে জনসংখ্যা বৃদ্ধির ফলে দারিদ্র্যের পরিমাণও বৃদ্ধি পাচ্ছিল। নতুন শাসন ব্যবস্থা প্রনয়ন হওয়ার ফলে, গ্রাম পঞ্চায়েতগুলির ক্ষমতা খর্ব হয়েছিল।

এই অবস্থাগুলি গ্রামের সামাজিক জীবনে অনেক সমস্যা ডেকে এনেছিল, যেহেতু, অর্থনৈতিক অনুদানের অভাবে গ্রাম পঞ্চায়েত শিশুদের আর সুরক্ষা প্রদান করতে পারত না। তাই পথশিশুর সংখ্যা বৃদ্ধি পায়। শিশুদের যে শিক্ষা প্রদান করা হত, তাও

2011 S M T W T F S S M T W T F S S M T W T F S S M T W T F S S M T
MAY 1 2 3 4 5 6 7 8 9 10 11 12 13 14 15 16 17 18 19 20 21 22 23 24 25 26 27 28 29 30 31

যথাযথ ছিল না, অপুষ্টির অন্যতম কারন ছিল দারিদ্রতা, আগে গ্রাম পঞ্চায়েত গ্রামের মূক, বধির, অন্ধ ও শারীরিক মানসিকভাবে প্রতিবন্ধী শিশুদের দেখাশোনায় ভালোই পালন করতে পারত কিন্তু বর্তমান পরিস্থিতিতে তা সম্ভব ছিল না, যে কারনে বিচ্যুতি, অপরাধ প্রবণতা, দুষ্কর্ম, পাচার ইত্যাদির সংখ্যা বৃদ্ধি পাচ্ছিল।

(ঙ) গৃহীত ব্যবস্থাপনাঃ—

ভারতবর্ষের রাজ্যগুলি শিশুদের সমস্যা সমাধানে খুব কমই ব্যবস্থা গ্রহন করতে পেরেছিল, তবে কিছু নেতা এমন ছিলেন, যারা শিশুদের চাহিদা পূরন ও সমস্যার সমাধানের জন্য কিছু পরিকল্পনা গ্রহন করে। এই পরিকল্পনারই ফল হিসাবে 'মিশনারী হোম,' অনাথ আশ্রম, বৃত্তিমূলক বিদ্যালয় ইত্যাদি প্রতিষ্ঠিত হয়, তবে শিশু উন্নয়নমূলক পরিষেবাগুলিতে অর্থের অভাব, দক্ষ কর্মীর অভাব, যথাযথ ব্যবস্থাপনার অভাব ইত্যাদি ছিল।

ঘ) আইনী কিছু ব্যবস্থা

যদিও রাষ্ট্র কোনো সরাসরি ব্যবস্থা গ্রহণ করেনি, তথাপি শিশুদের সুরক্ষার স্বার্থে কিছু আইন প্রনয়ন করে, নিচে কয়েকটি আইনের কথা উল্লেখ করা:

(1) The Apprentices Act, 1850 — কোনো পিতামাতা / অভিভাবক, দরিদ্র ও অনাথ শিশুকে 10-18 বছরের মধ্যে 7 বছরের ব কোনো ব্যবসা বা হাতের কাজ শেখার জন্য রাখতে পারে।

(2) The Guardians And Wards Act, 1890 — আইন দ্বারা দত্তক গ্রহণ করে যারা শিশুদের পালন করে।

(3) Reformatory School Act, 1897;

(4) Indian Merchant Shipping Act, 1923

(5) Child Marriage Restraint Act. 1929

(6) The Children Pledging Of ~~Labo~~ Labour Act, 1933;

(7) The Employment of Children Act, 1938.

(ঘ) স্বাধীনতার পরবর্তী অবস্থা / Child Welfare Government Services:-

অন্যান্য বিষয়ের মত শিশু উন্নয়ন বিষয়ও স্বাধীনতার পরবর্তীকালে অনেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(ঙ) সাংবিধানিক ব্যবস্থাঃ-

আমাদের সংবিধানে শিশু উন্নয়ন বিষয়ে বিভিন্ন তথ্য ও নির্দেশ কয়েকটি অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে।

(i) অনুচ্ছেদ 15 তে বলা হয়েছে জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ ইত্যাদি ভেদে শিশুদের মধ্যে কোনো বৈষম্য করা হবে না।

(ii) অনুচ্ছেদ 24 এ বলা হয়েছে যে, 14 বছর বয়সের নীচে কোনো শিশুকে কোনো খনি কারখানা বা কোনো বিপজ্জনক কাজে নিযুক্ত করা যাবে না।

(iii) অনুচ্ছেদ 37 এ বলা হয়েছে যে, রাষ্ট্র শিশুদের স্বাস্থ্যের প্রতি নজর দেবে ও যে কোনো অন্যায় অত্যাচার থেকে শিশুদের সুরক্ষা দেবে।

(iv) অনুচ্ছেদ 45 অনুযায়ী, 14 বছর বয়স পর্যন্ত শিশুদের ~~বেতনহীন~~ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রদান করতে হবে।

(v) অনুচ্ছেদ 46 এ বলা হয়েছে যে শিশুদের পুষ্টিগত মান ও জীবনযাত্রার মানোন্নয়ন করতে হবে।

(খ) শিশু শিক্ষা :—

ভারত সরকার কর্তৃক অনুমোদিত বিভিন্ন কমিটি ও কমিশন শিশুদের শিক্ষার বিষয়টির প্রতি নজর দেয়, শিশু শিক্ষার এই বিষয়গুলিকে দুটি ভাগে ভাগ করা হয়:-

(a) 6 বছর বয়স পর্যন্ত প্রাক প্রাথমিক শিক্ষা,
(b) 6-14 বছর বয়স পর্যন্ত প্রাথমিক শিক্ষা।

প্রাক্‌-প্রাথমিক শিক্ষাব্যবস্থার বিস্তারের বিষয়গুলি বর্তমানে বিশেষ গুরুত্ব পাচ্ছে, 1961 সালে প্রায় 5 হাজার বালওয়াড়ি ছিল, যা কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত ছিল, তৃতীয় ও চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনানুযায়ী 6 টি বাল সেবিকাদের প্রশিক্ষণ-কেন্দ্র স্থাপিত হয়েছে, গ্রামাঞ্চলে শিশু ও মহিলাদের উন্নয়ন কল্পে বালওয়াড়ি প্রতিষ্ঠিত হয়।

ভারতবর্ষের পরিকল্পনা কমিশন শিশু-শিক্ষা বিষয়ে একথা বলেছে যে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কাছে 6-11 বছর বয়সী শিশুদের জন্য শিক্ষার বিস্তার করা হবে।

(গ) শিশু স্বাস্থ্যঃ—

শিশু স্বাস্থ্য বিষয়টি প্রাক্‌-প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয়গামী শিশুদের জন্য বিশেষ প্রয়োজন, ভারতের পরিকল্পনা কমিশন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলেছে যে, শহরে স্বাস্থ্য সংস্থাগুলি প্রচুর পরিমাণ কর্মী ও সুযোগ সুবিধা সম্বলিত হয় মা ও শিশুর যত্নে প্রসূতোত্তর ডিস্পেন্সারী

2011 F S S M T W T F S S M T W T F S S M T W T F S S M T W T F S S

মহিলা ডাক্তার থাকবে।

তবে, বিদ্যালয় গামী শিশুদের জন্য যে স্বাস্থ্য পরিষেবাগুলি প্রনয়ন করা হয়েছে, তা খুবই নগন্য, পেরিঅডিক্যালি মাঝে মাঝে শিশুদের দৈহিক বৃদ্ধি, ওজন পরিমাপ করা হয়।

(ঘ) পুষ্টিমূলক ব্যবস্থা সমূহ :—

ভারতবর্ষের মত দরিদ্র পীড়িত দেশে শিশুদের যথাযথ অনুপূরক খাদ্য প্রদান একান্ত প্রয়োজন, রাষ্ট্র স্থানীয় কমিটি ও স্বেচ্ছাসেবী বিভিন্ন সংস্থা কর্তৃক বিদ্যালয়ে ও কোনো একটি নির্দিষ্ট অঞ্চলে শিশুদের খাদ্যের মানোন্নয়নের ব্যবস্থা করা হয়েছে। এই উদ্দেশ্যে বর্তমানে গুঁড়ো দুধ, শিশুদের উপযোগী খাদ্য, Vitamin tablet, Cod Liver Oil etc. প্রদান করা হচ্ছে। পরিকল্পনায় কমিশন শিশুদের অনুপূরক খাদ্য সংগ্রহ ও বন্টনের উদ্দেশ্যে রাষ্ট্রসংঘীয় সংস্থা — Red Cross, Indian Council For Child Welfare etc. কে মিলিতভাবে সচেষ্ট হতে বলেছেন।

◉ ফলিত পুষ্টি ব্যবস্থা অনুসারে :—

শিশুদের সর্বাঙ্গিক পুষ্টিপ্রদানের উদ্দেশ্যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ও UNICEF যৌথভাবে নিম্নলিখিত ব্যবস্থা গুলি গ্রামস্তরে প্রয়োগ করার কথা বলেছেন :—

(1) পুষ্টিপ্রদানকারী খাদ্য যেমন দুধ, ডিম, মাছ, সব্জি ও ফলের উৎপাদনের কথা বলেছেন।

(2) এই খাদ্যগুলির উৎপাদনের আগে যুক্ত কৃষকদের প্রশিক্ষণ প্রদানের কথা বলা হয়েছে।

(3) শিক্ষামূলক পুষ্টি প্রকল্প প্রণয়নের কথা বলা হয়েছে।

(4) বিনোদনমূলক এবং সাংস্কৃতিক পরিষেবা :—

শিশুর জীবনে খেলার গুরুত্ব অপরিসীম, এবং খেলার সামগ্রী, সঙ্গী, খেলার মাঠ ইত্যাদি সবই শিশুর জীবনে বিশেষ ভূমিকা পালন করে। শহরে মিউনিসিপালিটি

2011 F S S M T W T F S S M T W T F S S M T W T F S S M T W T F S S
APR 1 2 3 4 5 6 7 8 9 10 11 12 13 14 15 16 17 18 19 20 21 22 23 24 25 26 27 28 29 30 *

ও গ্রামে গ্রাম পঞ্চায়েতের সহযোগীতায় শিশুদের খেলার ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে এই সমস্ত খেলার মাঠের সংখ্যা গ্রাম ও শহরে অনেকটাই কম। এই সংখ্যার বৃদ্ধি হওয়া বিশেষ প্রয়োজন। খেলার মাঠের সঠিক যত্ন ও ব্যবস্থাপনা- বজায় রাখা প্রয়োজন। এই পরিষেবাটি স্বেচ্ছাসেবী সংস্থা কর্তৃক এবং যুব সংগঠন কর্তৃকও প্রদান করা যায়।

শিশু উন্নয়নে বিদ্যালয়ে সহপাঠক্রমিক কার্যাবলীর বিস্তার বর্তমানে নতুন পরিষেবা প্রদান করছে। তবে এখনও অবধি আমাদের বিদ্যালয়গুলির পরিকাঠামো বই কেন্দ্রিক। প্রথাগত শিক্ষাসহ সহপাঠক্রমিক কার্যাবলী গুলির প্রয়োগে ভারতীয় শিশুদের আত্মপ্রকাশের এবং শারীরিক ও মানসিক বিকাশের সুবিধা বৃদ্ধি পাচ্ছে। "Bharat Scout" এবং বিভিন্ন এজেন্সির মাধ্যমে, যেমন — Balkan-Ji-Bari, Kishore Dal শিশুকেন্দ্র গুলির মাধ্যমে তাদের অবসর বিনোদনের সুবিধাপ্রদান করা হচ্ছে। এই পরিষেবাগুলির অন্তর্গত হল Holiday Camp, Picnic, বেড়ানো, শিক্ষামূলক ভ্রমণ, সঙ্গীত, নাটক ও নাচের

উৎসব, বিশেষ সিনেমা দেখানো, শিশুদের গ্রন্থাগার, Sports এবং প্রদর্শনী ইত্যাদি। এদের মধ্যে Balkan-ji-Bari একটি উন্নতিশীল সংস্থা, যা ভারতের বিভিন্ন প্রান্ত থেকে শিশুদের আনে বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য। শিশু কেন্দ্রগুলি বর্তমানে শিশুদের জন্য খেলার মাঠ, গ্রন্থাগার, নাটকের কক্ষ এবং চারুকলা ও হস্তশিল্প শিক্ষাপ্রদানের মাধ্যমেই বিভিন্ন বিনোদনমূলক পরিষেবা প্রদান করা হচ্ছে॥

⊙ Holiday Camps :—

Central Social Welfare Board দ্বারা 1958 সালে প্রথম Holiday Camp সংক্রান্ত বিশেষ পরিষেবা চালু করা হয়, যেখানে 12-16 বছর বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করা হয় এবং যাদের পিতা-মাতার বা অভিভাবকের বার্ষিক আয় 3000 বা তারও কম তাদের এই পরিষেবার অনুগত করা হয়েছে, এছাড়া বলা হয় যে, সুপরিচর্যাযোগ্য বিনোদনমূলক ব্যবস্থাপনা শিশুর স্বাস্থ্যের বিকাশের জন্য বিশেষ প্রয়োজনীয়, বিদ্যালয়ের

Creche (ক্রেশ) → কর্মরতা মায়েদের শিশুদের দেখাশোনার জন্য শিশুভবন।

ছুটির সময় আবারও এই Holiday Camp গুলি 15 দিনের জন্য আয়োজন করা হয়। 1959-60 সালে এই ক্যাম্পের সংখ্যা ছিল 24, যা 1968-69 সালে বৃদ্ধি পেয়ে 250 হয়েছে।

◎ Programme for Children Of Low Income Families (নিম্ন আয়ভিত্তিক পরিবারের শিশুদের জন্য পরিষেবা) :—

Holiday Camp ছাড়াও নিম্ন আয়ের পরিবারের শিশুদের জন্য আরও কিছু পরিষেবার ব্যবস্থা করা হয়েছে, State Social Welfare Department কিছু ক্রেশ স্থাপন করেছে, যা কর্মরতা মায়েদের সন্তানদের জন্য দেখাশোনার দায়িত্ব পালন করে, বড়ো বড়ো কারখানায় কিছু সংখ্যক ক্রেশের ব্যবস্থা করা হয়, যেখানে অনেক মহিলা কাজ করে। Factory Act, 1948 অনুযায়ী প্রত্যেক কলকারখানার মালিক তার কারখানায় ক্রেশের ব্যবস্থা রাখতে বাধ্য, যেখানে 250 র বেশি সংখ্যক মহিলা কাজ করেন। এর মধ্যে Integrated Preschool Project একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থাপনা।